# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নম্বরঃ এলজিইডি/তঃপ্রঃ(রঃ)/অঃআঃ-পরিপত্র/এ-০১/২০১৬/৯৫২ তারিখ ঃ ২৪-০৭-২০১৬ খ্রিঃ।

## অফিস আদেশ

**বিষয়ঃ এলজিইডি'র আওতায় বিভাগ ও অঞ্চল পর্যায়ে অনুন্নয়ন বাজেটের পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের দাপ্তরিক প্রাক্কলন (Official Estimate) অনুমোদনের ক্ষমতা অর্পণ ও পুনঃ অর্পণ প্রসংগে।**

সূত্রঃ (১) স্থানীয় সরকার বিভাগ, উন্নয়ন-১ শাখা-এর স্মারক নম্বরঃ ৪৬.০৬৭.০০৫.০০.০০.০২১.২০১৪(অংশ-১)/৯২২, তারিখঃ ০২-১১-২০১৫খ্রিঃ।
(২) স্থানীয় সরকার বিভাগ, উন্নয়ন-১ শাখা-এর স্মারক নম্বরঃ ৪৬.০৬৭.০০১.০০.০০.০০২.১৯৯৪(অংশ-১)-২৬১(১), তারিখঃ ২৭-০৩-২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চলমান কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ১৬ (৫ক) ও (৫খ) এবং (৭) অনুসারে কাজ বাস্তবায়নের জন্য বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণকে অনুন্নয়ন বাজেটের আওতায় পূর্ত এবং রক্ষণাবেক্ষণ কাজের দাপ্তরিক প্রাক্কলন (Official Estimate) অনুমোদনের ক্ষমতা নিম্নরূপে অর্পণ ও পুনঃ অর্পণ করা হলো। উল্লেখ্য, দাপ্তরিক প্রাক্কলন অনুমোদনলকালে বাজেট বরাদ্দ নিশ্চিত হতে হবে এবং কোনক্রমেই জেলার বরাদ্দসীমা অতিক্রম করা যাবে না এবং এতদসংশ্লিষ্ট সরকারী আদেশ, নির্দেশ ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

| বিবরণ | অর্পণকৃত ক্ষমতা | |
|---|---|---|
| | বিভাগীয় অফিস (অতিরিক্ত প্রধান প্রকৌশলী) | আঞ্চলিক অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) |
| পল্লি সড়ক ও সড়ক অবকাঠামোর পূর্ত এবং রক্ষণাবেক্ষণ (নিয়মিত, জরুরী, সময়ান্তর, পুনর্বাসন, প্রশস্তকরণ, প্রভৃতি) কাজের দাপ্তরিক প্রাক্কলন অনুমোদন। | প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা পর্যন্ত | প্রতি ক্ষেত্রে ৩০ লক্ষ টাকা পর্যন্ত |

এছাড়া সূত্রস্থ (১) এবং (২) নম্বর স্মারক মূলে জারীকৃত এলজিইডি'র সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের সকল স্তরের আর্থিক ক্ষমতা অর্পণ ও পুনঃ অর্পণ এবং এতদসংক্রান্ত সংশোধিত আদেশে উল্লিখিত অনুন্নয়ন বাজেটের আওতায় পূর্ত কাজ সম্পাদন সংক্রান্ত ক্রয়চুক্তি এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়চুক্তি এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের সকল ক্রয় প্রস্তাব চুক্তির আর্থিক ক্ষমতা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

উল্লেখ্য, অনুমোদিত প্রাক্কলন/চুক্তি পত্রের যে কোন ধরনের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন, প্রভৃতির ক্ষেত্রে সকল প্রকার Variation-এর প্রস্তাব প্রধান প্রকৌশলী/HOPE-এর অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪/৭/২০১৬
(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোন ঃ ০২-৯১২৪০২৭
E-mail: ce@lged.gov.bd

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর/বিভাগ__(সকল)।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, __ অঞ্চল (সকল),।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ __(সকল)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/উপ- প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ___(সকল), জেলাঃ ___(সকল)।